যায়যায়দিন

তারিখ 11 JUN 2013
পৃষ্ঠা ৩ কলাম ৪

# আইসিটি অধিদপ্তর স্থাপনের অনুমোদন

যাযাদি রিপোর্ট

ইউনিয়ন পর্যায় থেকে মন্ত্রণালয় পর্যন্ত ই-গভর্নেন্স ও ই-সার্ভিস কার্যক্রমে সহায়তা দিতে আইসিটি মন্ত্রণালয়ের অধীনে একটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর স্থাপনের অনুমোদন দেয়া হয়েছে।

মন্ত্রিপরিষদ সচিব মোশাররফ হোসেইন ভূঁইয়ার সভাপতিত্বে রোববার সচিব কমিটির এক বৈঠকে ৬৯২ জনবলসম্বলিত এই অধিদপ্তর স্থাপনের চূড়ান্ত অনুমোদন দেয়া হয়। সংশ্লিষ্ট একজন ঊর্ধ্বতন কর্মকর্তা এ কথা জানান।



ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে যা হবে আরেকটি মাইলফলক

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) সচিব মো. নজরুল ইসলাম খান (এনআই খান) বলেন, ভিশন ২০২১-এ সন্নিবেশিত ডিজিটাল বাংলাদেশের বাস্তবায়নে আইসিটি অধিদপ্তর হবে আরেকটি মাইলফলক।

তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ গঠনে প্রধানমন্ত্রীর ব্যক্তিগত উদ্যোগ ও তার অঙ্গীকারের ফলশ্রুতিতে আইসিটি অধিদপ্তর স্থাপনে এত দ্রুত অনুমোদন দেয়া সম্ভব হয়েছে। এন আই খান বলেন, গেজেট প্রকাশের পর আইসিটি মন্ত্রণালয় ইউনিয়ন, উপজেলা, জেলা ও মন্ত্রণালয়গুলোতে চালু ই-গভর্নেন্স ও ই-সার্ভিস কার্যক্রমে সহায়তা দিতে জেলা ও উপজেলা পর্যায়ে অধিকাংশ দক্ষ ও কারিগরি মেধাসম্পন্ন ব্যক্তিদের নিয়ে কার্যালয় স্থাপনের উদ্যোগ নেবে। এই অধিদপ্তরের জনবল কাঠামোয় প্রধান কার্যালয়ের জন্য মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক ও সিস্টেম ম্যানেজারসহ ৭৬ জন কর্মকর্তা-কর্মচারী, জেলা পর্যায়ে প্রোগ্রামার ও মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারসহ ১৯২ কর্মকর্তা-কর্মচারী এবং উপজেলা পর্যায়ে সহকারী প্রোগ্রামার ও সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ারসহ ৪২৪ কর্মকর্তা-কর্মচারীর প্রস্তাব করা হয়েছে।

এন আই খান বলেন, সরকারি কর্মকাণ্ডে জনসাধারণের সেবা নিশ্চিত করতে ৪ হাজার ৫শ ১৬টি ইউনিয়ন তথ্যকেন্দ্র এবং প্রত্যেক জেলা প্রশাসকের কার্যালয়ে ই-সার্ভিস সেন্টার স্থাপন করা হয়েছে। এ অবস্থায় এ কার্যক্রমে প্রাতিষ্ঠানিক সহায়তা দেয়া প্রয়োজন।

তিনি বলেন, জনগণকে সেবা দিতে ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগ, সিটি করপোরেশন, অধিদপ্তর ও মন্ত্রণালয়সহ সব সরকারি কার্যালয়ে ২৪ হাজার ওয়েব পোর্টাল অন্তর্ভুক্তির কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এর আগে ডিজিটালাইজেশনের অগ্রগতির সঙ্গে আইসিটি খাতকে আরো গতিশীল করতে ২০১১ সালের ৪ ডিসেম্বর বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়কে ভেঙে পৃথক একটি আইসিটি মন্ত্রণালয় প্রতিষ্ঠা করা হয়।